ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




'সবার তুলনায় আমি বেশি জনপ্রিয়'

পৃঃ ৫



ক্রিকেটকে বিদায় জানালেন শিখর ধাওয়ান

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৩৬ ● কলকাতা ● ১২ ভাদ্র, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২৯ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


# উচ্চ প্রাথমিকে ১৪ হাজার শিক্ষক নিয়োগের নির্দেশ জারি কলকাতা হাইকোর্ট



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : নয়া মেধা তালিকা প্রকাশ করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিয়োগ প্রক্রিয়ায় একাধিক ক্ষেত্রে জটিলতা যে হয়েছিল তা এবার স্বস্তির বার্তা নিয়ে এসেছে। ১৪ হাজার পরীক্ষার্থী চাকরি পাওয়ার সম্ভাবনা তাও আবার পুজোর মধ্যে। চার সপ্তাহের মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশ করবে কমিশন। প্রায় ন' বছর পর ধরে চলেছিল এই জটিলতা। অবশেষে প্রায় দশ বছরের কাছাকাছি এই নিয়োগ প্রক্রিয়ায় জট কাটল। যাদের প্যানেলে নাম রয়েছে নিয়োগ হয়নি তাঁদের জন্য এটা বড় খবর।

আদালত এদিন জানিয়েছেন যে ১৪৬৩ জনকে মেধাতালিকা থেকে বাদ দেওয়া হয়েছে তাদের ভেরিফিকেশন, ইন্টারভিউ সব হয়ে গিয়েছে। তার পর একতরফা ভাবে এই প্রার্থীদের বাদ দেওয়া যায় না। ফলে তাদের ফের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। সব ঠিক থাকলে পুজোর আগেই নিয়োগ পেতে পারেন ১৪,০৫২ জন শিক্ষক। এদিন উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগ মামলায় রায়দান করা হলো কলকাতা হাইকোর্টের পক্ষ থেকে। আপার প্রাইমারি শিক্ষক নিয়োগ মামলায় এদিন বিরাট সিদ্ধান্ত জানাল কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথী চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে এই মামলার রায়দান করা হলো। এই রায়ের সঙ্গে সঙ্গেই দীর্ঘ ৯ বছর পর উচ্চ প্রাথমিকে নিয়োগ সংক্রান্ত জট কাটল। উচ্চ প্রাথমিকে প্রায় ১৪ হাজার ৫২ টি শূন্যপদে নিয়োগের ছাড়পত্র দিল কলকাতা হাইকোর্ট। মেধা তালিকা থেকে বাদ যাওয়া ১ হাজার ৪৬৩ জনকে যুক্ত করে মেধা তালিকা প্রকাশের নির্দেশ দেওয়া হলো এদিন। আগামী ৪ সপ্তাহের

এরপর ৩ পাতায়

# তৃণমূলের ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রীর মুখে চ্যালেঞ্জের সুর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এদিন মঞ্চে বলেন যে 'আগামী সপ্তাহে ১০ দিনের মধ্যে ধর্ষকের ফাঁসির চাই। বিধানসভায় বিল পাস করে রাজ্যপালের কাছে এই বিল পাঠাবো। পরের সপ্তাহে বিধানসভায় জরুরি অধিবেশন ডাকব।' তিনি বুধবার তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের মঞ্চ থেকে কড়া বার্তা দিয়েছেন। এছাড়াও তিনি জানিয়েছেন, দোষীদের খুঁজে খুঁজে শাস্তি দেওয়া হবে। কারণ, তিনি বহিরাগতদের শাস্তি চান না। এদিন মুখ্যমন্ত্রীর আরও অভিযোগ উগরে দিয়ে বলেন, ছাত্র সমাজের নামে আন্দোলন করে বাংলার ছাত্র সমাজকে বদনাম করার চেষ্টা করেছ এক শ্রেণির মানুষ। যা সহ্যের সীমা পেরিয়েছে। নাম না করে এদিনের মঞ্চ থেকে বিজেপিকে পাল্টা জবাব দেওয়ার জন্যই কর্মীদের বার্তা দিয়েছেন তৃণমূল নেত্রী। তবে আইন হাতে না তুললেও প্রতিপক্ষের বিরুদ্ধে ফোঁস করার নিদান দিয়েছেন তিনি। বুধবার তৃণমূল নেত্রী জানিয়েছেন, বাংলায় থাকবেন, আর বাংলাকে বদনাম করবেন, এটা তিনি মেনে নেবেন না। কখনও কখনও মানুষকে সহ্য করতে হয়। কিন্তু তাঁর সহ্যের সীমা ছাড়িয়ে গেলে, তিনি কী করতে পারেন আপনারা জানেন না। তাঁকে ছোঁয়া অত সহজ নয় বলেও দাবি মুখ্যমন্ত্রীর। তিনি সবার বিচার চান। আদালত কী করবে জানা নেই। কারণ, বিজেপি বললেই আদালত ছেড়ে দেয়। কিন্তু মানুষের হাতে তুলে দিলে মানুষ তো বিচার করবেন। কর্মীদের এই বার্তা দিয়েও মমতার সংযতবাণী, আইন হাতে তুলে নেওয়া উচিত নয় কারও। এখনও বলছি আপনারা যেটা ভালো বুঝবেন সেটা করবেন।আগে বলেছি বদলা নয় বদল চাই। কথামৃতর উল্লেখ করে ফোঁস করার নিদান দিয়েছেন। এখন দেখার বিষয় হল মুখ্যমন্ত্রীর এদিনের বার্তা কতটা কার্যকরী হয় সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহলের একাংশ।


# বন্ধের দিনে ব্যারাকপুরে চললো গুলি

**উত্তর ২৪ পরগনা: নিউজ সারাদিন** : বাংলা বনধ-কে কেন্দ্র করে জেলায় জেলায় বিজেপি তৃণমূল সংঘর্ষের খবর সামনে এসেছে। ভাটপাড়ায় চলে গুলির লড়াই। বনধের দিন সকালে ভাটপাড়ায় গোলাগুলি হয়। ঘটনার জেরে ভাটপাড়ার ঘোষপাড়া এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। এই ঘটনায় একজন আহত হয়েছেন বলে জানা গেছে। তাঁকে ব্যারাকপুর স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থলে পৌঁছন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ ও বিজেপি নেতা অর্জুন সিং। বোমা নিক্ষেপের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। তাঁর কথায়, "রবি সিং নামে আমাদের দলের এক কর্মী আহত হয়েছেন। রবি আমার বাড়িতে আসছিলেন। ঘোষপাড়া মোড়ের কাছে তাঁর গাড়ি থামানো হয়েছিল। এর পরে তৃণমূলের আশ্রয়ে থাকা দুষ্কৃতীরা গাড়ি লক্ষ্য করে গুলি চালায়।বিজেপি নেতা অর্জুন সিং এএনআইকে জানিয়েছেন, গাড়ি লক্ষ্য করে সাতটি গুলি চালানো হয়েছে। তিনি দাবি করেছেন যে বাংলার একজন সিনিয়র পুলিশ অফিসারের উপস্থিতিতে এই হামলা হয়েছে। অর্জুন সিং দাবি করেছিলেন যে এটি পান্ডের জীবনের একটি প্রচেষ্টা ছিল। তিনি বলেন, 'প্রিয়াঙ্গু পান্ডে আমাদের দলের নেতা। আজ তার গাড়িতে হামলা ও গুলি চালানো হয়। চালক গুলিবিদ্ধ হয়েছেন। ৭ রাউন্ড গুলি করা হয়। এসিপির উপস্থিতিতে এটি করা হয়।

হামলায় আহত হয়েছেন দুইজন। অর্জুন সিং দাবি করেছেন, প্রিয়াঙ্গু পান্ডেকে হত্যার পরিকল্পনা করা হয়েছিল। আহত হয়েছেন দুইজন, তাদের মধ্যে একজন গুরুতর। তৃণমূল নেতা তরুণ সাও এবং বিধায়ক সোমনাথ শ্যাম হামলার পিছনে ছিলেন এবং কাকিনাড়া থেকে দুষ্কৃতীদের আনা হয়েছিল বলে অভিযোগ করেছেন অর্জুন সিং।







## অভিষেকের পোস্টে ১১ কোটি মানুষের সমর্থন,

# ভাবাচ্ছে বিজেপিকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্য সরকারকে কেন্দ্রের ওপর 'চাপ সৃষ্টি করে' ধর্ষণ বিরোধী কঠোর আইন তৈরি করার পরামর্শ দিয়েছিলেন রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় । সেই পোস্ট তিনি করেছিলেন গত ২২ অগস্ট। তার পরেই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি লিখেছিলেন।অভিষেক-ঘনিষ্ঠদের দাবি, যারা সরাসরি শেয়ার করেছেন, তাঁদের প্রত্যেকের প্রোফাইল বা হ্যান্ডলে যদি ৫০০ জন করে অনুগামী থাকেন, তা হলে ওই বক্তব্য প্রায় ১২ কোটি লোকের কাছে পৌঁছে গিয়েছে। যা বেশ 'ইঙ্গিতপূর্ণ'। তাঁদের বক্তব্য, ধর্ষণবিরোধী আইনকে অপরাধীদের ভয় পেতে হবে। যাতে অপরাধীরা বুঝতে পারে, ধর্ষণের মতো ন্যক্কারজনক অপরাধ করলে ৫০-৬০ দিনের বিচার করে কঠোরতম এবং দৃষ্টান্তমূলক শাস্তি পেতে হবে। নচেৎ এই অপরাধ থামবে না। ধর্ষণের বিরুদ্ধে ৪০ বছর আগেও মিছিল হয়েছিল। এখনও হচ্ছে। ৪০ বছর পরেও হবে। কিন্তু তাতে ধর্ষণ কমেনি। কমবেও না। কঠোরতম আইন আনতে হবে। কঠোরতম শাস্তি দিতে হবে। যাতে অপরাধ করার আগেই কেউ ভয়ে কাঁপতে থাকে! কার্যত অভিষেকের এই পোস্ট দেশের এই বিপুল সংখ্যক মানুষের কাছে পৌঁছে যাওয়ায় এখন বেশ চাপে পড়ে গিয়েছে বিজেপি। কেননা এই চাপ তাঁদের রাজনৈতিক লড়াইয়ের ময়দানে আরও বেশি কঠিন পরিস্থিতির মুখে ফেলে দেবে। এমনিতেই দেশে একক সংখ্যাগরিষ্ঠতা হারিয়ে ফেলেছে বিজেপি। এখন ধর্ষণ কাণ্ডে যদি জনতা রাস্তায় নামে তাহলে তো অবস্থা বাংলার থেকেও খারাপ হবে দিল্লির।গতকালও অভিষেক একটি পোস্ট করেছিলেন ট্যুইটারে। সেখানেও ধর্ষণ রুখতে কঠোরতম আইনের পক্ষে সরব হয়েছিলেন তৃণমূলের সেনাপতি। এখন দেখা যাচ্ছে, ২২ তারিখের সেই পোস্ট দেশের ১১ কোটি মানুষের সমর্থন পেয়ে গিয়েছে, যা বিজেপিকেও ভাবাচ্ছে। অভিষেক ঘনিষ্ঠদের দাবি, ২২ অগস্টের বক্তব্যকে মঙ্গলবার পর্যন্ত ১১ কোটিরও বেশি মানুষ সমর্থন করেছেন। তাঁরা অভিষেকের দাবি এবং বক্তব্য সমাজমাধ্যমে 'শেয়ার' করেছেন। আরও কয়েক লক্ষ মানুষ সরাসরি অভিষেকের বক্তব্যকে সমর্থন জানিয়েছেন সমাজমাধ্যমে। যা থেকে এটা প্রমাণিত হচ্ছে যে, ১১ কোটিরও বেশি মানুষ ধর্ষণ রুখতে কঠোরতম আইন এবং দ্রুত বিচার করে কঠিনতম শাস্তির দাবিতে গলা মিলিয়েছেন।অভিষেক ২২ তারিখের পোস্টে কী লিখেছিলেন? সেদিন তিনি লিখেছিলেন, 'গত ১০ দিনে যখন আরজি করে মহিলা চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনায় দেশ জুড়ে প্রতিবাদ হচ্ছে, মানুষ সুবিচারের দাবি জানাচ্ছেন, সেই সময়েও দেশের বিভিন্ন প্রান্তে একের পর এক ধর্ষণের ঘটনা ঘটেছে। গত ১০ দিনে দেশে ৯০০টি ধর্ষণের ঘটনা ঘটেছে। প্রতি দিন ৯০টি ধর্ষণের ঘটনার রিপোর্ট লেখানো হয়েছে। অর্থাৎ প্রতি ঘণ্টায় চারটি এবং প্রতি ১৫ মিনিটে একটি ধর্ষণের ঘটনার অভিযোগ দায়ের হয়েছে। অথচ এত কিছু সত্ত্বেও এই অপরাধের কোনও দীর্ঘমেয়াদি সমাধান বার করা গেল না। এমন কঠোর ধর্ষণ বিরোধী আইন আনতে হবে, যা ঘটনার ৫০ দিনের মধ্যে অপরাধীকে চিহ্নিত করে দোষী সাব্যস্ত করা নিশ্চিত করবে এবং তাতে দোষীকে কঠোরতম সাজা দেওয়ার নিদান থাকবে। সেই আইন এবং শাস্তির জন্য কেন্দ্রীয় সরকারের ওপর চাপ দিতে হবে।' দেখা যাচ্ছে, অভিযষেকের সেই পোস্ট বলিউডের অভিনেত্রী থেকে অসংখ্য নেটপ্রভাবী শেয়ার করেছেন তাঁদের সমাজমাধ্যমে।

## সন্দীপকে সাসপেন্ড করে দিয়ে বলল আইএমএ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সাসপেন্ড করল সর্বভারতীয় চিকিৎসক সংগঠন ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন (আইএমএ)। আরজি করে মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করেছে সংগঠনটি। বুধবার সন্দীপের কাছে এই

এরপর ৪ পাতায়

## ডায়মন্ড হারবার এ সকাল থেকে বিজেপির ডাকা

# ১২ ঘন্টা বাংলা বন্ধের প্রভাব কিছুটা পড়লেও বিকাল থেকে আবারও স্বাভাবিক ছিল যান চলাচল



**ডায়মন্ড হারবার: নিউজ সারাদিন :** নবান্ন অভিযানে ছাত্রদের উপরে পুলিশি অত্যাচারের অভিযোগ এনেই আজ, বুধবার ১২ ঘন্টা ডাক দিয়ে ছিল বিজেপি। ভোর ৬টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত বনধ পালন করা হবে বলেই জানিয়ে ছিলেন বঙ্গ বিজেপির শীর্ষ নেতৃত্ব। এদিন সকাল ৬ টা থেকেই শিয়ালদাহ দক্ষিণ শাঁখা রেল অবরোধ কর্মসূচি শুরু করে বিজেপি কর্মী-সমর্থকরা। বিজেপি এলাকার নেতৃত্ব রা বলেন, অত্যাচারী মমতা সরকারের বিরুদ্ধে সাধারণ মানুষ যেভাবে পথে নেমেছে, তারপরও গদি ছাড়ছেন না। আমরা শান্তিপূর্ণভাবে আরজি কর কাণ্ডের প্রতিবাদ ও মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে প্রতিবাদ চালিয়ে যাব। ট্রেন চলাচল বন্ধ করে দিয়েছেন বিজেপি কর্মী সমর্থকেরা। ডায়মন্ড হারবার সকাল থেকে ট্রেন চলাচল স্বাভাবিক ভাবে না চললেও বিকাল থেকে বেসরকারি বাস ও ট্রেন চলাচল স্বাভাবিক শুরু হয়। ডায়মন্ড হারবার এ তেমনটা প্রভাব পড়ে নাই। সকাল থেকে বেসরকারি বাস পরিষেবা প্রায় সম্পূর্ণ বন্ধ না হলেও বিকাল থেকে স্বাভাবিক ভাবে চলা শুরু হয়। সরকারি বাস হাতে গোনা। সকাল থেকে বিকাল পর্যন্ত ট্রেন চলাচল ব্যাহত শিয়ালদহের দক্ষিণ শাখায়। লক্ষ্মীকান্তপুর,মথুরাপুর ও ডায়মন্ড হারবার লাইনের একাধিক স্টেশনে ট্রেন চলাচল বন্ধ করে বনধ সমর্থকেরা। যার জেরে রেলের সূত্রে জানা গিয়েছে, শিয়ালদহ থেকে লক্ষ্মীকান্তপুর, কাকদ্বীপ, নামখানাগামী সকাল থেকে ট্রেন চলাচল বন্ধ। ট্রেন চলাচল ব্যাহত হওয়ায় সকাল থেকেই ওই লাইনের একাধিক স্টেশনে ভিড় রেল যাত্রীদের। ট্রেন না পেয়ে অনেকেই সড়কপথে রওনা দিয়েছেন নিজেদের গন্তব্যের উদ্দেশে। ফলে বাস ও অটোতে অতিরিক্ত ভিড়। বিকাল থেকে আবারও স্বাভাবিক ট্রেন চলাচল শুরু হয়।









## হাওড়া সংঘের শতবর্ষ উদযাপন



**হাওড়া: নিউজ সারাদিন :** হাওড়ার নীলমণি মল্লিক লেনের ঐতিহ্যবাহী "হাওড়া সঙ্ঘের" শতবর্ষ পেরোনো দুর্গোৎসবকে সামনে রেখে এক মনোজ্ঞ অনুষ্ঠান হয়ে গেলো বর্ষণ সিক্ত সন্ধ্যায় হাওড়া শরৎ সদনে। সঙ্ঘের উদ্যোগে বিভিন্ন বয়সের সঙ্গীত, নৃত্য ও অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কৃতিদের পুরস্কৃত করা হয়। সমগ্র অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ রায়। অন্যান্য অতিথিরা হলেন প্রাক্তন কাউন্সিলর তথা আইনজীবী ব্রতেন দাস, প্রাক্তন বরো চেয়ারম্যান গৌতম দত্ত, বিশিষ্ট শিক্ষাবিদ অমিতাভ দত্ত, বিশিষ্ট আইনজীবী সমীর বসু রায়চৌধুরী ছাড়াও অন্যান্য বিশিষ্ট জনেরা। হাওড়া সঙ্ঘের অন্যতম সদস্য তথা সমাজসেবী শিব মঙ্গল প্রসাদ সহ হাওড়া সঙ্ঘের প্রতিটি সদস্যের আন্তরিক প্রয়াসে শতবর্ষের আলোয় পৌছোনো দুর্গোৎসব ছাড়াও বছরভর নানা সমাজসেবা মূলক কর্মসূচি নেওয়া হয়। পুরস্কার বিতরণী শেষে "দোহার" এর পরিচালনায় সঙ্গীতানুষ্ঠান উপস্থিত শ্রোতাদের মুগ্ধ করে।সব মিলিয়ে বাংলার শ্রেষ্ঠ উৎসব দুর্গোৎসবের প্রাক্কালে শতবর্ষ প্রাচীন হাওড়া সঙ্ঘের সাংস্কৃতিক সন্ধ্যা জমজমাট হয়ে ওঠে।

## বিজেপি নেতা সজল ঘোষকে বাড়ি থেকে আটক

# (বনধ সমর্থনে রাস্তায় নেমে গ্রেফতার হুগলির প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায়)



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** বুধবার বিজেপি নেতা সজল ঘোষকে তাঁর লেবুতলা বাড়ি থেকে প্রথমে আটক পরে গ্রেফতার করা হয়। এদিন বিজেপি নেতার বাড়ি ঘিরে থাকে বিশাল পুলিশ। অনেকক্ষণ বাড়িতে আটকে থাকেন তিনি। দীর্ঘ টানাপোড়েনের পর বাড়ি থেকে গ্রেফতার করেন পুলিশ। প্রথমে কোন অভিযোগে গ্রেফতার করা হয় সজল ঘোষকে বলতে চায়নি পুলিশ। প্রথমিক সূত্র থেকে জানা গিয়েছে যে তিলোত্তমা হত্যা কান্ডের প্রতিবাদে ২৭ আগস্ট নবান্ন অভিযানের ডাক দিয়েছিল পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ। সেই কর্মসূচি ঘিরে উত্তপ্ত হয়ে উঠেছিল কলকাতা, মহাত্মা গান্ধী হাওড়া ময়দান, ফোরশোর রোড ,সাঁতরাগাছি। ছাত্র আন্দোলন রুখতে দফায় দফায় চলেছিল পুলিশের জলকামান এবং মারাত্মক টিয়ার গ্যাসের সেল। এছাড়াও চলেছিল হাওড়া ময়দানে পুলিশের লাঠিচার্জ। এই ছাত্র আন্দোলন ওপর পুলিশি আক্রমণের প্রতিবাদে বুধবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬ টা অবধি ১২ ঘণ্টার বাংলা বনধের ডাক দেয় বিজেপি। পাল্টা রাজ্য সরকারের তরফ থেকে সবকিছু সচল রাখার বার্তা দেওয়া হয়। গেরুয়া শিবিরের ডাকা বনধে আজ সকাল থেকেই উত্তপ্ত হয়েছিল রাজ্যের বিভিন্ন জায়গা। বিজেপির ডাকা বাংলা বনধে রণক্ষেত্রের রূপ আজ সকাল থেকেই রাজ্যের বিভিন্ন প্রান্তে বনধের প্রভাব চোখে পড়েছে। বনগাঁ স্টেশন, হুগলি স্টেশনে রেল অবরোধ করেন বিজেপি কর্মীরা। সকাল থেকেই রাস্তায় নেমে পড়েন অগ্নিমিত্রা পাল। এরপর বেলা যত গড়াতে থাকে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। ব্যারাকপুরে বিজেপি নেতা কৌস্তভ বাগচির নেতৃত্বে রেল অবরোধ। তাঁকে ধাওয়া করেন তৃণমূল সমর্থকরা। এবার শুরু হয়ে যায় দুই দলের কর্মী - সমর্থকদের ধস্তাধস্তি। এরপর গ্রেফতার লকেট-রাহুল, সজলকে আটক করল পুলিশ

এদিকে আবার বনধের সমর্থনে রাস্তায় নেমে গ্রেফতার হয়েছেন হুগলির প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায় লকেট, রাহুলের নেতৃত্বে কলকাতার বুকে অবরোধ শুরু করেন পদ্ম শিবিরের কর্মী-সমর্থকরা। এরপর শ্যামবাজার থেকে গ্রেফতার করা হয় দু'জনকে। বিজেপি নেত্রী বলেন, 'এটা জনগণের রোষ। যত আটকানোর চেষ্টা করা হবে, মানুষ তত রাস্তায় নামবে'।

এদিন দেখা গিয়েছিল ছাত্র আন্দোলনের ওপর রাজ্য পুলিশের আক্রমণের প্রতিবাদে গেরুয়া শিবিরের ডাকা ১২ ঘন্টা বনধে রাজ্য সরকারের সমর্থন না থাকলেও এদিন উতপ্ত ছিল পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে বনধের প্রভাব ছিল বেশ চোখে পড়ার মত বলেই মনে করছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা।

## ভারতে তৈরি হবে ১২ টি ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটি!

# ১০ লক্ষ কর্মসংস্থানের সুযোগ, মোদী সরকার নিল বড় সিদ্ধান্ত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার একটি বড় আপডেট সামনে এসেছে। মূলত, কেন্দ্রীয় মন্ত্রিসভা বুধবার অর্থাৎ ২৮ অগাস্ট সারা দেশে ১২ টি ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটি স্থাপনের অনুমোদন দিয়েছে। এতে প্রায় ১০ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। বিষয়টি পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলি সম্পর্কে জানিয়েছেন যে "কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ জাতীয় শিল্প করিডোর উন্নয়ন কর্মসূচির অধীনে ১২ টি

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# উচ্চ প্রাথমিকে ১৪ হাজার শিক্ষক নিয়োগের নির্দেশ জারি কলকাতা হাইকোর্ট

মধ্যে প্রয়োজনীয় কাউন্সিলিং করে সুপারিশপত্র দেওয়ার নির্দেশ দেওয়া হলো স্কুল সার্ভিস কমিশনকে।সংশ্লিষ্ট মামলা প্রসঙ্গে ২০২১ সালে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছিল, ওএমআর শিটগুলি পুনরায় মূল্যায়ন করে ১ হাজার ৪৬৩ জনকে বাদ দেওয়া হয়েছে সংশ্লিষ্ট নিয়োগের প্রক্রিয়া থেকে। এদিন হাইকোর্ট তার রায়ে জানিয়েছে ওই প্রার্থীদেরকে বাদ দেওয়ার প্রক্রিয়া সঠিক ছিল না। এর কারণ স্বরূপ হাইকোর্ট জানিয়েছে, ইতিমধ্যেই দীর্ঘ সময় অতিক্রান্ত হয়ে গিয়েছে। যে সমস্ত প্রার্থীকে প্রক্রিয়া থেকে বাদ দেয়া হয়েছে তারা কোথায় কত নম্বর পেয়েছেন তা জানা সম্ভব নয়। তাদের ইন্টারভিউ এবং কাউন্সিলিং প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেছে আগেই। এর ফলে নতুন করে ওএমআর শিট মূল্যায়ন করে তাদের বাদ দেওয়ার প্রক্রিয়া সঠিক নয়। এরই সঙ্গে হাইকোর্ট জানিয়েছে, বাদ যাওয়া প্রার্থীদের যুক্ত করে ১৪ হাজার ৫২ জনের মেধা তালিকা প্রকাশ করতে হবে স্কুল সার্ভিস কমিশনকে। আগামী ৪ সপ্তাহের মধ্যে এই কাজ সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।দ্রুত এই প্রক্রিয়া সম্পন্ন করে মেধা তালিকা প্রকাশের পর সময় অনুযায়ী কাউন্সিলিং করতে বলা হয়েছে স্কুল সার্ভিস কমিশনকে। দ্রুত এই প্রক্রিয়া সম্পন্ন করে অবিলম্বে যোগ্য শিক্ষকদের সুপারিশপত্র বিতরণ করতে হবে যাতে শিক্ষক শিক্ষিকারা দ্রুত নিজেদের স্কুলে যোগ দিতে পারেন। উচ্চ প্রাথমিকে প্রায় ১০ বছর শিক্ষক নিয়োগ না হওয়ায় বিদ্যালয়গুলি কার্যত বন্ধের মুখে আছে। এই নিয়োগ নিয়ে হাইকোর্টের সিঙ্গেল বেঞ্চে প্রথমে মামলা শুরু হয় ২০১৬ সালের আগস্ট মাসে। পরবর্তী সময়ে ২০২১ সালের জুলাই মাস থেকে ডিভিশন বেঞ্চে মামলাটি বিচারাধীন আছে। এই মামলার শুনানিতে আদালতে বারবার বেঞ্চ বদল করা হয়েছে। প্রসঙ্গত, গত ৬ নভেম্বর থেকে ২ ডিসেম্বর পর্যন্ত প্যানেল ভুক্ত ৮ হাজার ৯০০ জন প্রার্থীর কাউন্সিলিং শেষ হয়েছে। কিন্তু কাউন্সিলিং সম্পন্ন হওয়া এই প্রার্থীদের মধ্যে একজনও এখনো শিক্ষক পদে যোগ দিতে পারেননি। তাদের জয়েনিং ও বাকি শূন্যপদে ওয়েটিং লিস্টের তালিকা ভুক্তদের কাউন্সিলিং এবং জয়েনিং -এর জন্য আন্দোলন চলছে দীর্ঘদিন ধরে। এখন কলকাতা হাইকোর্টের সাম্প্রতিক রায়ে এবার দীর্ঘ প্রতীক্ষার অবসান পরীক্ষার্থীমহলের।

# জন ধন যোজনার ১০ বছর পূর্তিতে

# সকলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জন ধন যোজনার ১০ম বার্ষিকীতে বিশেষ বার্তা দিয়েছেন। আর্থিক অন্তর্ভুক্তিকরণের প্রশ্নে এই প্রকল্পের গুরুত্ব উল্লেখ করেছেন তিনি। প্রধানমন্ত্রী প্রকল্পের সুবিধাপ্রাপক এবং যাঁরা একে সফল করে তুলেছেন, তাঁদের সকলকে অভিনন্দন জানান। তিনি বলেছেন, আর্থিক অন্তর্ভুক্তি এবং কোটি কোটি মানুষের, বিশেষত মহিলা যুবা এবং প্রান্তিক জনগোষ্ঠীকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করায় জন ধন যোজনার সাফল্য অতুলনীয়। এক্স পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন;

"আজ আমরা একটি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে উপস্থিত- #10YearsOfJanDhan। প্রকল্পের সুবিধাপ্রাপক এবং যাঁরা একে সফল করে তুলেছেন, তাঁদের সকলকে অভিনন্দন। আর্থিক অন্তর্ভুক্তি এবং কোটি কোটি মানুষের, বিশেষত মহিলা যুবা এবং প্রান্তিক জনগোষ্ঠীকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করায় জন ধন যোজনার সাফল্য অতুলনীয়।"

# রাষ্ট্রপতি পুতিনের সঙ্গে কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে রাশিয়ার রাষ্ট্রপতি শ্রী ভ্লাদিমির পুতিনের সঙ্গে কথা বলেছেন। প্রধানমন্ত্রী গত মাসে ২২তম ভারত-রাশিয়া দ্বিপাক্ষিক শিখর সম্মেলনে যোগ দিয়ে সফল রাশিয়া সফরের কথা উল্লেখ করেন। উভয় নেতা ভারত ও রাশিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। দুই দেশের মধ্যে বিশেষ এবং সুবিধাপ্রাপ্ত কৌশলগত সহযোগিতাকে আরও শক্তিশালী করার বিভিন্ন দিক নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়। দ্বিপাক্ষিক সম্পর্কযুক্ত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়েও তাঁদের মতবিনিময় হয়েছে। উভয় নেতা বর্তমান রাশিয়া-ইউক্রেন সংঘর্ষের বিষয়ে পারস্পরিক মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী সাম্প্রতিক ইউক্রেন সফরে তাঁর দৃষ্টিভঙ্গীর কথা জানান। এই সংঘর্ষের শান্তিপূর্ণ নিষ্পত্তিতে সমস্ত অংশীদারদের মধ্যে বাস্তবসম্মত আলোচনা এবং কূটনৈতিক বিষয়ের ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। উভয় নেতাই পারস্পরিক যোগাযোগ বজায় রাখতে সম্মত হয়েছেন।

# মোদিমন্ত্রেই থামবে যুদ্ধ! বাইডেনকে শান্তির 'নীল নকশা' দেবেন জেলেনস্কি?


**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কয়েকদিন আগেই ইউক্রেন সফরে গিয়ে শান্তির বার্তা দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এবার মোদিমন্ত্রেই কি থামতে চলেছে যুদ্ধ? শান্তির পথ খুঁজতে রাশিয়ার সঙ্গে বৈঠকে বসবে কিয়েভ? জানা গিয়েছে, খুব শীঘ্রই সংঘাত থামনোর ব্যাপারে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে 'নীল নকশা' দেবেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। উল্লেখ্য, রাশিয়া সফরে গিয়ে প্রেসিডেন্ট পুতিনকে আলিঙ্গন করা নিয়ে মোদিকে তোপ দেগেছিলেন জেলেনস্কি। কিন্তু এখন মোদি-ম্যাজিকে মুগ্ধ তিনি। অতীতের তিক্ততা ভুলে যুদ্ধ বন্ধে তাঁর ভরসা মোদিই। বিশ্লেষকদের মতে, মোদির পরামর্শে যদি আলোচনায় বসে ইউক্রেন ও রাশিয়া তাহলে তা বিরাট কূটনৈতিক জয় হবে। পুতিনের সঙ্গে মোদির সখ্যের কথা কারও অজানা নয়। এদিকে, তিক্ততা ভুলে জেলেনস্কির কাছে মোদিই 'শান্তির দূত'। ফলে ভারসাম্যের খেলা খেলে যদি দিল্লি এই যুদ্ধের বন্ধের পথ খুলে দিতে পারে তাহলে তা বিভিন্ন দেশের কাছে তাৎপর্যপূর্ণ বার্তা হবে। মাটি কামড়ে রণক্ষেত্রে লড়াই করছে ইউক্রেনীয় সেনা। রাশিয়াকে একচুল জমি ছাড়তে নারাজ তারা। গত তিন সপ্তাহ ধরে রাশিয়ার কার্স্ক অঞ্চলে ভয়ানক অভিযান চালাচ্ছে কিয়েভ। পালটা মার দিচ্ছে মস্কোও। ফলে হানাহানি, রক্তপাত, হামলা পালটা হামলায় বজায় রয়েছে যুদ্ধের ঝাঁজ। দেড় বছর পেরিয়ে গেলেও এই সংঘাতের কোনও রফাসূত্র মেলেনি। এর মাঝেই ইউক্রেনে গিয়েছিলেন মোদি। যুদ্ধ থামাতে রাশিয়ার সঙ্গে বৈঠকে বসতে জেলেনস্কিকে পরামর্শ দিয়েছিলেন তিনি। সংবাদ সংস্থা রয়টার্স সূত্রে খবর, আলোচনার পথে হাঁটতে রাজি হয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট। কিন্তু মস্কোর সঙ্গে বৈঠকে বসতে কিছু শর্ত রয়েছে। যা নিয়ে নিজেদের পরিকল্পনা বাইডেনকে জানাবে কিয়েভ।২০২২ সালে ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনের বিরুদ্ধে বিশেষ সামরিক অভিযান ঘোষণা করেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। বাঁধভাঙা জলের জেলেনস্কির দেশে ঢুকে পড়ে রুশ ফৌজ। তার পর থেকে জারি রয়েছে লড়াই। দীর্ঘসময় ধরে যুদ্ধ করার ফলে গত কয়েকমাস ধরে রণক্ষেত্রে বেশ বেগ পেতে হচ্ছিল কিয়েভকে। কিন্তু এখন তারা ঘুরে দাঁড়িয়েছে। যেভাবে পুতিন বাহিনী ইউক্রেনে ঢুকে অভিযান শুরু করেছিল এবার সেভাবেই কার্স্কে ঢুকে আক্রমণ শানাচ্ছে ইউক্রেনীয় ফৌজ। তাই রাশিয়াকে সহজে মাটি ছেড়ে দেবে না ইউক্রেন। বাইডেনকে দেওয়া 'নীল নকশা' নিয়ে জেলেনস্কি সাফ জানিয়ে দিয়েছেন, "আমাদের পরিকল্পনার প্রথম পয়েন্টই হল রাশিয়াকে যুদ্ধ থামাতে বাধ্য করা। আমি স্পষ্ট জানাতে চাই, যা ইউক্রেনের জন্য ন্যায্য হবে সেটাই করা হবে।" এর থেকে বেশি তিনি আর কিছু জানাননি। আগামী মাসে রাষ্ট্র সংঘের সাধারণ সভায় যেতে পারেন জেলেনস্কি। তখনই তিনি দেখা করবেন বাইডেন, মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ও রিপাবলিকান নেতা ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে। এই সাধারণ সভাতেই ভাষণ রাখবেন মোদি।

# রাজ্য সরকারের বিভিন্ন দফতরে প্রচুর নিয়োগ, সিদ্ধান্ত মন্ত্রিসভার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পুজোর আগেই রাজ্যের কর্মপ্রার্থীদের জন্য সুখবর। নতুন করে সরকারি চাকরি হবে ৬৭৩টি শূন্যপদে। বুধবার নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পৌরাহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পুলিশ, দমকল সহ বিভিন্ন দফতরে ওই নিয়োগ হবে। দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।উল্লেখ্য গত জুন মাসেই রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ৫৫২টি নতুন পদে চাকরি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল রাজ্য মন্ত্রিসভা। তখন স্বরাষ্ট্র দফতরে ১০৫ এবং প্রাণিসম্পদ বিকাশ দফতরে ২৭০টি নতুন চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। পাশাপাশি শিক্ষা দফতরের তরফে বিদ্যালয়ে ৩৫ জনকে নিয়োগ

এরপর ৪ পাতায়

# পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীদের ৩৬.১৪ কোটি রুপে কার্ড প্রদান




**নয়াদিল্লি, ২৮ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** ২০১৪ সালের ২৮ অগাস্ট প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর চালু করা প্রধানমন্ত্রী জন ধন যোজনা (পিএমজেডিওয়াই) সাফল্যের সঙ্গে এক দশক পূর্ণ করেছে। বিশ্বের বৃহত্তম আর্থিক অন্তর্ভুক্তিমূলক প্রকল্প পিএমজেডিওয়াই-এর মাধ্যমে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক ধারাবাহিকভাবে প্রান্তিক ও আর্থিকভাবে দুর্বলতর শ্রেণীকে সহায়তা করার প্রয়াস চালিয়ে গেছে। এই উপলক্ষে কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন এক বার্তায় বলেছেন, "আর্থিক অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের লক্ষ্য অর্জনের জন্য সাধারণ ব্যাঙ্কিং পরিষেবাকে সর্বজনীন ও সহজলভ্য করা একান্ত আবশ্যক। এটি গরীবদের অর্থনীতির মূলস্রোতে নিয়ে আসে এবং প্রান্তিক সম্প্রদায়ের উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

"আগে যাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল না, তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট, ক্ষুদ্র সঞ্চয়, বিমা ও ঋণদানের মাধ্যমে সর্বজনীন, সহজলভ্য এবং স্বাভাবিক আর্থিক পরিষেবা প্রদানের মাধ্যমে পিএম জন ধন যোজনা গত এক দশকেরও বেশি সময় ধরে দেশের ব্যাঙ্কিং এবং আর্থিক ব্যবস্থার খোলনলচে বদলে দিয়েছে", বলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। "জন ধন অ্যাকাউন্টের মাধ্যমে ৫৩ কোটি মানুষকে স্বাভাবিক ব্যাঙ্কিং ব্যবস্থার আওতায় আনার উদ্যোগ থেকেই এর সাফল্য প্রতিফলিত হচ্ছে। এইসব অ্যাকাউন্টের মাধ্যমে ব্যাঙ্কে ২.৩ লক্ষ কোটি টাকা জমা পড়েছে, ৩৬ কোটিরও বেশি নিখরচায় রুপে কার্ড প্রদান করা হয়েছে, যা ২ লক্ষ টাকার দুর্ঘটনা বিমারও সুবিধা দিচ্ছে। উল্লেখযোগ্য হ'ল, অ্যাকাউন্ট খোলা বা রক্ষণাবেক্ষণের জন্য কোনও অর্থ লাগে না এবং ন্যূনতম অর্থ রাখারও কোনও প্রয়োজন হয় না", বলেন শ্রীমতী সীতারমন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন, "এটি অত্যন্ত আনন্দের যে, এইসব অ্যাকাউন্টের ৬৭ শতাংশই গ্রামাঞ্চল বা মফস্বল এলাকার এবং ৫৫ শতাংশ অ্যাকাউন্ট মহিলাদের।"

শ্রীমতী সীতারমন বলেন, "আর্থিক অন্তর্ভুক্তির ব্যবস্থায় জন ধন-মোবাইল-আধারের সংযুক্তি একটি অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে। এর ফলে, সুবিধাপ্রাপকদের কাছে সরকারি কল্যাণমূলক প্রকল্পগুলির সুবিধা দ্রুত ও স্বচ্ছভাবে পৌঁছয় এবং ডিজিটাল পেমেন্ট ব্যবস্থার বিকাশ ঘটে।"

এই উপলক্ষে এক বার্তায় কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী শ্রী পঙ্কজ চৌধারী বলেন, "পিএমজেডিওয়াই শুধুমাত্র একটি প্রকল্প নয়, একটি রূপান্তরমূলক আন্দোলন, যা ব্যাঙ্ক অ্যাকাউন্টহীন বহু মানুষকে আর্থিক স্বাধীনতা এবং আর্থিক নিরাপত্তার অনুভূতি এনে দিয়েছে।"


শ্রী চৌধারী বলেন, "প্রধানমন্ত্রী ২০২১ সালে তাঁর স্বাধীনতা দিবসের ভাষণে প্রত্যেক বাড়িতে একজনের ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং প্রাপ্ত বয়স্কদের বিমা ও পেনশনের আওতায় আনার কথা ঘোষণা করেছিলেন। ধারাবাহিক প্রয়াসের ফলে ব্যাঙ্ক অ্যাকাউন্টের সংখ্যা এখন প্রায় স্থিতাবস্থার কাছাকাছি পৌঁছে গিয়েছে। দেশে বিমা ও পেনশনের আওতায় আসা মানুষের সংখ্যা ক্রামগত বেড়ে চলেছে।"

"সংশ্লিষ্ট সব পক্ষ, ব্যাঙ্ক, বিমা সংস্থা ও রাজ্য সরকারগুলির সহায়তার মাধ্যমে আমরা আরও আর্থিকভাবে অন্তর্ভুক্তিমূলক সমাজের দিকে এগোচ্ছি এবং দেশে আর্থিক অন্তর্ভুক্তির পরিবর্তনের হাতিয়ার হিসেবে পিএমজেডিওয়াই সর্বদা স্মরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী জন ধন যোজনা শুধুমাত্র প্রশাসনিক লক্ষ্য পূরণের একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত নয়, সেইসঙ্গে মানুষের কল্যাণসাধনে সরকারি অঙ্গীকারের বার্তাবাহকও বটে", বলেন শ্রী চৌধারী।

পিএমজেডিওয়াই-এর মাধ্যমে প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যাঙ্ক অ্যাকাউন্ট না থাকা মানুষকে ব্যাঙ্ক অ্যাকাউন্টের আওতায় আনা হয়েছে। এই অ্যাকাউন্টে কোনও ন্যূনতম অর্থ জমা রাখার প্রয়োজন হয় না এবং এই অ্যাকাউন্টে কোনও জরিমানাও ধার্য করা হয় না। ২ লক্ষ টাকার দুর্ঘটনা বিমা সহ নিখরচায় রুপে ডেবিট কার্ডও প্রদান করা হয়। পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীরা ১০ হাজার টাকা পর্যন্ত ওভারড্রাফটও পেতে পারেন।

গত এক দশকের বেশি সময় ধরে পিএমজেডিওয়াই উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে। এর ফলে, ব্যাঙ্ক ও আর্থিক সংস্থাগুলির পরিমণ্ডল বদলে গিয়েছে এবং সমাজের দরিদ্রদের মধ্যে দরিদ্রতম মানুষের কাছে আর্থিক সুযোগ-সুবিধা পৌঁছে যাচ্ছে। পিএমজেডিওয়াই

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৩৬ সংখ্যা ২৯ আগস্ট, ২০২৪ বৃহস্পতিবার ১২ ভাদ্র, ১৪৩১

## সম্পাদকীয়

# মমতার হুঁশিয়ারিতে নড়েচড়ে বসলেন হিমন্ত বিশ্বশর্মা-বীরেন সিং'রা

দলের ছাত্র সংগঠনের প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশ থেকেই হুঙ্কার ছেড়েছিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। আর তাঁর এক হুঙ্কারেই হাড়কাঁপুনি শুরু হয়েছে উত্তর-পূর্বের দুই বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ও এন বীরেন সিংয়ের। দুজনেই টুইট করে মমতার হুঁশিয়ারির সমালোচনা করেছেন।

সরাসরি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেন, 'মোদিবাবু আপনার পার্টিকে দিয়ে আগুন লাগাচ্ছেন! মনে রাখবেন বাংলায় যদি আগুন লাগান, অসমও থেমে থাকবে না। নর্থ ইস্টও থেমে থাকবে না। উত্তরপ্রদেশও থেমে থাকবে না। বিহার-ঝাড়খণ্ড-দিল্লিও থেমে থাকবে না। আপনার (নরেন্দ্র মোদি) চেয়ারটাও টলমল করে দেব।' মমতার ওই মন্তব্য রীতিমতো সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে যায়। আর তাতেই হাড়কাঁপুনি ধরে যায় বিজেপি শাসিত উত্তর-পূর্বের দুই রাজ্য অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ও মণিপুরের মুখ্যমন্ত্রী এরন বীরেন সিংয়ের। টুইটে মমতাকে নিশানা করে হিমন্ত লেখেন, 'দিদি, আপনার এতো সাহস কীভাবে হলো যে আপনি অসমকে ধমকি দিচ্ছেন? আমাদের রক্তচক্ষু দেখাবেন না। আপনার অসফলতার রাজনীতি দিয়ে একদম ভারতকে অগ্নিগর্ভ করে তোলার চেষ্টা করবেন না। বিভাজনকারী ভাষা বলাটা আপনার শোভা পায় না।'সেই সঙ্গে স্মরণ করিয়ে দিয়েছেন, সাংবিধানিক পদে থেকে মমতার এমন কথা মোটেও শোভনীয় নয়। কিন্তু কী বলেছিলেন তৃণমূল সুপ্রিমো তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী?

গত কয়েকদিন ধরেই আরজি কর কাণ্ড নিয়ে রাজনৈতিক ফায়দা লুঠতে ঘোলা জলে মাছ ধরতে নেমেছে বিধানসভা ও লোকসভা ভোটে বাংলারর মানুষের দ্বারা প্রত্যাখিত বিজেপি নেতৃত্ব। গতকাল মঙ্গলবার বিজেপির মদতপুষ্ঠ 'ভুঁইফোড়' সংগঠন 'পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ' এর ডাকা নবান্ন অভিযান ঘিরে ব্যাপক তাণ্ডবের সাক্ষী থেকেছে গোটা রাজ্যবাসী। বুধবার মেয়ো রোডের সভায় রাজ্যজুড়ে অরাজকতা তৈরির ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগ তুলে বিজেপিকে নিশানা করেন মমতা।

৩ পাতার পর

# রাজ্য সরকারের বিভিন্ন দফতরে প্রচুর নিয়োগ, সিদ্ধান্ত মন্ত্রিসভার

করা হয়। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন দফতরে নিয়োগের সিদ্ধান্তের খবরে আশায় বুক বাঁধছেন চাকরিপ্রার্থীরা।এদিন মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ৬৭৩টি নতুন পদ সৃষ্টি করা হবে। তার মধ্যে পুলিশের সাব ইন্সপেক্টর পদ রয়েছে ৪৯৪টি এবং দমকল ও জরুরি পরিষেবা বিভাগে ১২২টি পদ রয়েছে। বাকি পদগুলি বিভিন্ন দফতরে রয়েছে। মূলত আইনশৃঙ্খলার উপরে জোর দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। আরজি কর কাণ্ডের পরে রাজ্যজুড়ে অরাজকতা তৈরিতে কোমর কষে ঝাঁপিয়েছে বিরোধী দলগুলি সহ ভুঁইফোঁড় একাধিক সংগঠন। সেই অরাজকতা সামাল দিতেই পুলিশের সাব ইন্সপেক্টর পদে নিয়োগ করা হচ্ছে। মন্ত্রিসভার বৈঠকে মঙ্গলবারের নবান্ন অভিযানে পুলিশের সংযমী ভূমিকার প্রশংসা করেন মুখ্যমন্ত্রী। সূত্রের খবর, বৈঠকে মমতা বলেন, 'আরজি করের ঘটনার রাজনৈতিক ফয়দা তোলার জোর চেষ্টা করা হচ্ছে। নবান্ন অভিযানে তাণ্ডবের পরেও পুলিশ যে সহনশীলতা দেখিয়েছে তা সত্যিই প্রশংসনীয়। পুলিশ ধৈর্য না দেখালে পরিস্থিতি অন্যরকম হতে পারত।'

# জঙ্গলের দেবী মা মনসা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সা চ কন্যা ভগবতী কশ্যপস্য চ মানসী । তেনৈব মনসা দেবী মনসা বা চ দীব্যতি ।। মনসা ধ্যায়তে যা চ পরমাত্মানমীশ্বর ম্ । তেন যা মনসা দেবী তেন যোগেন দীব্যতি ।। আত্মারামা চ সা দেবী বৈষ্ণবী সিদ্ধযোগিনী । (দেবীভাগবত পুরাণ) প্রথমতঃ মনসা কশ্যপ মুনির মানস কন্যা , কেননা চিন্তা ভাবনার সময় মুনির মন থেকে উৎপন্না । দ্বিতীয় মানুষের মন তদীয় ক্রীড়া ক্ষেত্র , তৃতীয়তঃ নিজেও মনে মনে পরমাত্মার ধ্যান করেন বলে দেবীর নাম মনসা । ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বাদশ পর্ব)



বরাহনগর অবধি নাটমন্দির পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে বান্ধা রোশনাই হয়, কোনোরূপ অনুষ্ঠানের কোনোপ্রকার বৈলক্ষণ হয় নাই।' সত্যিই কোথাও আয়োজনে এতটুকু ত্রুটি হতে দেননি জানবাজারের রানি। ব্রাহ্মণ এবং গোস্বামীরা তো বটেই উপস্থিত কাঙালিদের পেটপুরে খাওয়ানোর পর তাদের নগদ দক্ষিণা দেওয়া হয়, কারওকে সিকি, কারওকে আধুলি, আবার কারওকে গোটা এক টাকা। সব মিলিয়ে সেদিন রাসমণির খরচ হয়েছিল প্রায় দুলক্ষ টাকা।

পূর্বদিকে যে জমি তার মালিক কাশীনাথ চৌধুরি। পশ্চিমদিকে বয়ে চলেছে গঙ্গা। উত্তরে ইংরেজ সরকারের বারুদ কারখানা 'ম্যাগাজিন'। আর দক্ষিণদিকে হেস্টিসাহেবের কারখানা (পরবর্তীকালে এই কারখানাটি কিনে নেন যদুনাথ মল্লিক, তৈরি করেন তাঁর বাগানবাড়ি)। এরই মধ্যে গড়ে উঠল মন্দির। চারকোনা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

২ পাতার পর

# ভারতে তৈরি হবে ১২ টি ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটি! ১০ লক্ষ কর্মসংস্থানের সুযোগ, মোদী সরকার নিল বড় সিদ্ধান্ত

ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটির অনুমোদন করেছে।কেন্দ্রীয় মন্ত্রী আরও জানান যে, কেন্দ্রীয় মন্ত্রিসভা জলবিদ্যুতের উন্নয়নের জন্য উত্তর-পূর্ব রাজ্যগুলিকে ৪,১৩৬ কোটি টাকার ইক্যুইটি সমর্থনের অনুমোদন করেছে। এছাড়া রেলের তিনটি গুরুত্বপূর্ণ প্রকল্পও মন্ত্রিসভায় অনুমোদন পেয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন, মন্ত্রিসভা সারা দেশের (ওহফরধ) ২৪৩ টি শহরে বেসরকারি এফএম রেডিওর ৭৩৪ টি চ্যানেলের নিলামের অনুমোদন দিয়েছে।

বৈষ্ণব বলেছেন যে, দেশের (ওহফরধ) ১০ টি রাজ্য জুড়ে ছড়িয়ে থাকা ৬ টি বড় অর্থনৈতিক করিডোর ভারতের উৎপাদন ক্ষমতা এবং অর্থনৈতিক বৃদ্ধির দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করবে। এই শিল্পাঞ্চলগুলি উত্তরাখণ্ডের খুরপিয়া, পাঞ্জাবের রাজপুরা-পাতিয়ালা, মহারাষ্ট্রের দীঘি, কেরালার পালাক্কাদ, উত্তর প্রদেশের আগ্রা এবং প্রয়াগরাজ, বিহারের গয়া, তেলেঙ্গানার জহিরাবাদ, অন্ধ্রপ্রদেশের ওরভাকাল এবং কোপ্পারথি ও রাজস্থানের যোধপুর-পালিতে অবস্থিত।বৈষ্ণব জানান, প্রস্তাবিত ১২ টি ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট শহরগুলি প্রায় ১.৫২ লক্ষ কোটি টাকার বিনিয়োগের সুযোগ তৈরি করবে। তাঁর মতে, এই পদক্ষেপটি দেশের (ওহফরধ) শিল্পের দৃশ্যপটকে রূপান্তরিত করবে এবং শিল্পের ওপর ভিত্তি করে শহরগুলির একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করবে। যা উল্লেখযোগ্যভাবে অর্থনৈতিক বৃদ্ধি এবং বিশ্বব্যাপী প্রতিযোগিতাকে বাড়িয়ে তুলবে।

বৈষ্ণব বলেন, ইন্ডাস্ট্রিয়াল এলাকাগুলিকে বিশ্বমানের গ্রিনফিল্ড স্মার্ট সিটি হিসেবে গড়ে তোলা হবে। এই পদ্ধতিটি নিশ্চিত করে যে, এই ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট শহরগুলি উন্নত পরিকাঠামোতে সজ্জিত হবে। যা শিল্প কার্যক্রমকে দক্ষতার সাথে সমর্থন করতে পারে। তিনি বলেন, ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট প্রোগ্রাম উল্লেখযোগ্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে বলে অনুমান করা হচ্ছে। শুধু তাই নয়, ১০ লক্ষ প্রত্যক্ষ চাকরি এবং ৩০ লক্ষ পরোক্ষ চাকরির সৃষ্টি হবে বলে আশা প্রকাশ করা হচ্ছে। এই প্রকল্পগুলি প্রায় ১.৫২ লক্ষ কোটি টাকার বিনিয়োগের সম্ভাবনা তৈরি করবে।

২ পাতার পর

# সন্দীপকে সাসপেন্ড করে দিয়ে বলল আইএমএ

সংক্রান্ত নির্দেশিকা পাঠানো হয়েছে। আইএমএ জানিয়েছে, আরজি করে নির্যাতিতার পরিবারের সঙ্গে কথা বলে এবং অন্য চিকিৎসকদের সঙ্গে কথা বলে সন্দীপের বিরুদ্ধে এই পদক্ষেপের সিদ্ধান্ত তারা নিয়েছে।আরজি করের ঘটনায় সন্দীপকে গত ১৬ অগস্ট থেকে টানা জিজ্ঞাসাবাদ করছে সিবিআই। প্রতি দিন সকালে তিনি সিজিও কমপ্লেক্সে যাচ্ছেন এবং রাতে বাড়ি ফিরছেন। আরজি করে আর্থিক দুর্নীতির যে অভিযোগ উঠেছে, সেখানেও নাম রয়েছে সন্দীপের। তদন্তভার হাতে পাওয়ার পরের দিনই সন্দীপের বেলেঘাটার বাড়িতে তল্লাশি চালিয়েছিল কেন্দ্রীয় সংস্থা। এ বার আইএমএ-র শাস্তির মুখে আরজি করের প্রাক্তন অধ্যক্ষ।নির্দেশিকায় বলা হয়েছে, আরজি করের ঘটনার পর স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করে আইএমএ। সংগঠনের জাতীয় প্রেসিডেন্ট আরভি অশোকান একটি কমিটি গঠন করেছিলেন। সেই কমিটির সদস্যেরা নির্যাতিতার বাড়িতে গিয়ে পরিবারের সঙ্গে কথা বলেন। নির্যাতিতার পরিবার সন্দীপের উপর ক্ষোভ উগরে দেয় চিকিৎসক সংগঠনের কাছে। অভিযোগ, এই ঘটনায় সন্দীপের ভূমিকা মোটেই আশানুরূপ নয়। যে ভাবে তিনি গোটা বিষয়টি সামলানোর চেষ্টা করেছেন, তাতে সহানুভূতির অভাব ছিল। এ প্রসঙ্গে আইএমএ-র পশ্চিমবঙ্গ শাখার আধিকারিকদের সঙ্গেও কথা বলেছিল ওই কমিটি। সেখান থেকেও সন্দীপের বিরুদ্ধে নানাবিধ অভিযোগ আসে।

সন্দীপ আইএমএ-র কলকাতা শাখার ভাইস প্রেসিডেন্ট ছিলেন। নির্দেশিকায় আইএমএ আরও জানিয়েছে, সন্দীপের বিরুদ্ধে সংগঠনের অনেক চিকিৎসকই ক্ষুব্ধ। অভিযোগ, তিনি এই পেশাকে কলঙ্কিত করেছেন। অনেকেই তাঁর শাস্তির দাবি জানান। এর পরেই সন্দীপকে সাসপেন্ড করার সিদ্ধান্ত নিয়েছে আইএমএ। উল্লেখ্য, আরজি করে মহিলা চিকিৎসকের দেহ উদ্ধার হয় গত ৯ অগস্ট। সেই সময়ে হাসপাতালের অধ্যক্ষ ছিলেন সন্দীপ। ওই চিকিৎসককে ধর্ষণ এবং খুন করা হয়েছে বলে অভিযোগ ওঠে। ঘটনার তদন্তভার এখন সিবিআইয়ের হাতে। এই ঘটনা প্রকাশ্যে আসার পরেই নিরাপত্তা এবং উপযুক্ত বিচারের দাবিতে আন্দোলন শুরু করেন আরজি করের জুনিয়র চিকিৎসকেরা। তাঁদের বিক্ষোভের অন্যতম কারণ ছিলেন সন্দীপ। তাঁর পদত্যাগের দাবি জানানো হয়। আন্দোলনের চাপে পড়ে সন্দীপ নিজেই অধ্যক্ষ পদ থেকে ইস্তফা দেন। পরে তাঁকে ন্যাশনাল মেডিক্যাল কলেজের অধ্যক্ষ হিসাবে নিয়োগ করেছিল রাজ্য সরকার। সেখানেও বিক্ষোভ শুরু হয়। কলকাতা হাই কোর্ট এর পর সন্দীপকে লম্বা ছুটিতে যাওয়ার নির্দেশ দিয়েছিল। পরে ন্যাশনাল মেডিক্যালের দায়িত্ব থেকেও তাঁকে অব্যাহতি দেওয়া হয়।

৩ পাতার পর

# পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীদের ৩৬.১৪ কোটি রুপে কার্ড প্রদান

অ্যাকাউন্টের মাধ্যমে শুধুমাত্র প্রত্যক্ষ সুবিধা হস্তান্তর প্রক্রিয়া ত্বরান্বিত হচ্ছে না, সেইসঙ্গে কোনও রকম মধ্যস্বত্ত্বভোগী ছাড়াই নির্ঝঞ্ঝাটে সুবিধাপ্রাপকদের কাছে সরকারি ভর্তুকি/অর্থ পৌঁছে যাচ্ছে। সেইসঙ্গে, জনসুরক্ষা প্রকল্প (ক্ষুদ্র বিমা প্রকল্প) - এর মাধ্যমে লক্ষ লক্ষ অসংগঠিত ক্ষেত্রের শ্রমিক জীবন ও দুর্ঘটনা বিমার সুবিধা পাচ্ছেন। ভর্তুকি প্রদান প্রক্রিয়ায় পিএমজেডিওয়াই-এর অন্যতম স্তম্ভ হিসেবে কাজ করছে জন ধন-আধার এবং মোবাইল (জ্যাম) ত্রয়ী। জ্যাম-এর মাধ্যমে প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের ক্ষেত্রে সরকার সাফল্যের সঙ্গে ভর্তুকি এবং অন্যান্য সামাজিক সুবিধা অনগ্রসর শ্রেণীর মানুষের অ্যাকাউন্টে সরাসরি পৌঁছে দিয়েছে। গত ১০ বছরে পিএমজেডিওয়াই-এর সফল রূপায়ণের ফলে বহু উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করা সম্ভব হয়েছে। পিএমজেডিওয়াই-এর সাফল্য এবং প্রধান প্রধান দিকগুলি নীচে তুলে ধরা হ'ল: ক) পিএমজেডিওয়াই অ্যাকাউন্ট: ৫৩.১৩ কোটি (১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত)

১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত মোট পিএমজেডিওয়াই অ্যাকাউন্ট: ৫৩.১৩ কোটি; ৫৫.৬ শতাংশ (২৯.৫৬ কোটি) জন ধন অ্যাকাউন্ট মহিলাদের এবং ৬৬.৬ শতাংশ (৩৫.৩৭ কোটি) জন ধন অ্যাকাউন্ট গ্রামাঞ্চল ও মফস্বল এলাকার। খ) পিএমজেডিওয়াই অ্যাকাউন্টে জমা অর্থ-২.৩১ লক্ষ কোটি (১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত)

পিএমজেডিওয়াই অ্যাকাউন্টে জমা পড়া মোট অর্থের পরিমাণ ২,৩১,২৩৬ কোটি টাকা। অ্যাকাউন্টের সংখ্যা (অগাস্ট' ২৪/অগাস্ট' ১৫) ৩.৬ গুণ বৃদ্ধি পাওয়ায় জমা টাকার পরিমাণ বেড়েছে ১৫ গুণ। গ) পিএমজেডিওয়াই অ্যাকাউন্ট পিছু জমা পড়া গড় অর্থের পরিমাণ - ৪,৩৫২ টাকা (১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত) ১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত অ্যাকাউন্ট পিছু জমা পড়া গড় অর্থের পরিমাণ ৪ হাজার ৩৫২ টাকা। ১৫ অগাস্টের পর অ্যাকাউন্ট পিছু জমা পড়া অর্থের পরিমাণ ৪ গুণ বৃদ্ধি পেয়েছে। অ্যাকাউন্টে জমা পড়া টাকার পরিমাণ বৃদ্ধির অর্থ হ'ল, অ্যাকাউন্টের ব্যবহার বৃদ্ধি এবং মানুষের সঞ্চয়ের অভ্যাস গড়ে ওঠা। ঘ) পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীদের রুপে কার্ড প্রদান: ৩৬.১৪ কোটি (১৪ অগাস্ট, ২০২৪ পর্যন্ত) পিএমজেডিওয়াই অ্যাকাউন্টধারীদের ৩৬.১৪ কোটি রুপে কার্ড প্রদান করা হয়েছে। সময়ের সঙ্গে রুপে কার্ডের সংখ্যা এবং ব্যবহার বৃদ্ধি পেয়েছে। পিএমজেডিওয়াই-এর আওতায় ৩৬.০৬ কোটি রুপে ডেবিট কার্ড প্রদান করা হয়েছে, ৮৯.৬৭ লক্ষ পিওএস/এমপিওএস যন্ত্র বসানো হয়েছে এবং ইউপিআই এর মতো মোবাইল-ভিত্তিক লেনদেন ব্যবস্থা চালু করা হয়েছে, ডিজিটাল লেনদেনের পরিমাণ ২০১৮-১৯ অর্থবর্ষের ২,৩৩৮ কোটি টাকা থেকে বেড়ে ২০২৩-২৪ অর্থবর্ষে ১৬,৪৪৩ কোটি টাকায় পৌঁছেছে। ইউপিআই আর্থিক লেনদেন ২০১৮-১৯ অর্থবর্ষের ৫৩৫ কোটি টাকা থেকে বেড়ে ২০২৩-২৪ অর্থবর্ষে ১৩ হাজার ১৩১ কোটিতে পৌঁছেছে। একইভাবে, পিওএস এবং ই-বাণিজ্যে রুপে কার্ডে লেনদেন ২০১৭-১৮ অর্থবর্ষে ৬৭ কোটি টাকা বেড়ে ২০২৩-২৪ অর্থবর্ষে ৯৬.৭৮ কোটিতে পৌঁছেছে। পিএমজেডিওয়াই-এর মাধ্যমে ঋণ প্রদানেরও ব্যবস্থা করা হয়েছে। অ্যাকাউন্টধারীরা ব্যাঙ্ক এবং আর্থিক সংস্থাগুলি থেকে ঋণ পেতে থাকেন। ২০১৯ থেকে ২০২৪ অর্থবর্ষ পর্যন্ত-এই পাঁচ বছরে বার্ষিক ৯.৮ শতাংশ চক্রবৃদ্ধি হারে দেও মুদ্রা ঋণের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। পিএমজেডিওয়াই হ'ল-বিশ্বের বৃহত্তম আর্থিক অন্তর্ভুক্তিমূলক প্রকপ্প, যা ভারতে পরিবর্তন এনেছে এবং ডিজিটাল উদ্ভাবন আর্থিক অন্তর্ভুক্তিতে বিপ্লব এনেছে।

# সিনেমার খবর

## 'সবার তুলনায় আমি বেশি জনপ্রিয়'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বিভিন্ন বিষয়ে বক্তব্যের কারণে বার বার খবরের শিরোনামে আসেন বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাউত। একাধিক বার বিতর্কও তৈরি করেছে তার মন্তব্য। তাই তাকে নিয়ে চর্চাও হয় অনেক। সামাজিক যোগাযোগ মাধ্যমে বহু মানুষ, বিশেষ করে উঠতি অভিনেতারা প্রায়ই কঙ্গনার কথা বলার ধরন, সাজপোশাক নকল করেন। এই সব দেখে কঙ্গনার বক্তব্য, সবার তুলনায় তিনি বেশি জনপ্রিয়। কেউ তাকে নকল করলে কি রেগে যান কঙ্গনা?

এর উত্তরে অভিনেত্রী বলেন, আমাকে নকল করা হয়। সেই ভিডিওগুলি আমি দেখি। কত মানুষ আমাকে নকল করেন। আমি তো আসলে খুব জনপ্রিয়। আমাকে নকল করেন, এমন বহু শিল্পী রয়েছেন। এমন নয়, সেই ভিডিওগুলি দেখে আমি রেগে যাই।

অভিনেত্রী আরো বলেন, কেউ যদি আমার কথা বলার ধরন ভাল ভাবে পর্যবেক্ষণ করে আমাকে মন দিয়ে নকল করেন, তাতে আমি মুগ্ধ হয়ে যাই। এই কাজের পিছনের চেষ্টাটা দেখি আমি। মানুষ আমাকে নিয়ে কী ভাবছেন, এই নিয়ে আমি ভাবি না।

কঙ্গনা এই মুহূর্তে তার আসন্ন ছবি 'ইমার্জেন্সি'র প্রচার নিয়ে ব্যস্ত। নিজের পরিচালিত এই ছবি নিয়ে অভিনেত্রীর বক্তব্য, নিজের দৃষ্টিভঙ্গি থেকে এই ছবি আমি তৈরি করেছি। ছবিতে তাকে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর চরিত্রে দেখা যাবে। কঙ্গনা ছাড়াও এই ছবির গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন শ্রেয়াস তালপাড়ে, মিলিন্দ সোমন, মহিমা চৌধরি, অনুপম খের। ছবিতে প্রয়াত অভিনেতা সতীশ কৌশিকও অভিনয় করেছিলেন। প্রেক্ষাগৃহে এই ছবি মুক্তি পাচ্ছে ৬ সেপ্টেম্বর।

## প্রত্যেকের নিজস্ব রাজনীতিবোধ রয়েছে: তাপসী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের তারকারা রাজনীতি নিয়ে সচরাচর মন্তব্য করতে চান না। তাদেরও নিজস্ব মতামত রয়েছে। কিন্তু রাজনীতির বিষয়ে তারা চুপ থাকতেই পছন্দ করেন। সম্প্রতি এক সাক্ষাৎকারে এই বিষয়ে কথা বলেছেন বলিউড অভিনেত্রী তাপসী পন্নু।


তাপসী বলেন, 'আমাদের প্রত্যেকের নিজস্ব রাজনীতিবোধ রয়েছে। তবে সব সময় কোনও নির্দিষ্ট ধরনের রাজনীতির সঙ্গেই আমাদের মতের মিল থাকতে হবে, এমন নয়। রাজনৈতিক বিষয়ে কথা বললেও সমালোচনায় পড়তে হয়, আবার চুপ থাকলেও কটাক্ষের মুখোমুখি হতে হয়। অভিনেতারা চুপ থাকতে চান, কারণ তারা ভাবেন কিছু বললেই সমস্যায় পড়তে পারেন।'

তাপসী মনে করেন, বিনোদন দুনিয়ার মানুষদের নিয়ে এক ধরনের চিরাচরিত ধারণা কাজ করে সাধারণ মানুষের মধ্যে। বিশেষ করে, অভিনেত্রীরা রাজনৈতিক বা সামাজিক বিষয়ে কথা বলতে পারবেন না বলে মনে করেন অনেকে। এ অভিনেত্রী বলেন, 'অভিনেতাদের নাকি বুদ্ধি কম থাকে। বিশেষ করে অভিনেত্রীরা কিছুই জানেন না। মানুষ এমনই মনে করেন। তাই কেউ মতামত দিলে তারা ভাবেন, 'এত বড় সাহস! আপনাদের আবার মতামত কিসের!' এই সমস্ত কারণেই রাজনৈতিক বিষয়ে সচেতন থাকলেও অভিনেতারা তা নিয়ে কথা বলেন না।'

তাপসী তার বক্তব্যের শেষে বলেন, 'এর দুটো দিকই আছে বলে আমার মনে হয়। মতামত থাকলেও সমস্যা। মতামত না থাকলেও সমস্যা।'

উল্লেখ্য, সম্প্রতি মুক্তি পেয়েছে তাপসী অভিনীত দু'টি ছবি 'ফির আয়ি হসিন দিলরুবা' ও 'খেল খেল মে'।

## 'বর্ডার-২' নিয়ে এক ফ্রেমে সানি-বরুণ





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'বর্ডার-২' ছবির মাধ্যমে এবার এক ফ্রেমে দেখা যাবে বলিউডের জনপ্রিয় অভিনেতা সানি দেওল এবং বরুণ ধাওয়ানকে। এ খবর নিজেই শেয়ার করেছেন বরুণ। সামাজিক মাধ্যমে তিনি বলেন, আমার সবচেয়ে প্রিয় নায়কের সঙ্গে জুটি বাঁধছি, এটা দারুণ ব্যাপার।




এদিকে দীর্ঘ ২২ বছর পর বড়পর্দায় ফিরে বক্স অফিস কাঁপিয়েছেন তারা সিং (সানি দেওল)। চারশো কোটির মাইলস্টোন ছুঁয়ে ফেলেছে 'গদর ২'। তারপর থেকেই প্ল্যানিং ছিল 'বর্ডার-২' ছবি তৈরি করার। এবার সেই প্রস্তুতি শুরু।

'বর্ডার' সিনেমায় মেজর কুলদীপ সিংয়ের চরিত্রে অভিনয় করেছিলেন সানি। সে বছরের সবেচেয়ে সফল ছবি ছিল জে পি দত্তর এই ওয়ার মুভি। ছবির গান এখনো জনপ্রিয়। স্বাধীনতা দিবসে এই ছবির কথা স্মরণ করেন অনুরাগীরা। গত দু-তিন বছর ধরেই 'বর্ডার-২' নিয়ে সানি দেওল, পরিচালক জে পি দত্ত ও তার মেয়ে নিধি দত্তর মধ্যে আলোচনা চলছিল। 'গদর-২'র তুমুল সাফল্যের পর এই প্রজেক্টের কাজে গতি আসে।

সানি দেওলকে মূল চরিত্রে রেখে ১৯৭১ সালে যুদ্ধের প্রেক্ষাপটে এর কাহিনী সাজানো হবে, এমনটাই খবর পাওয়া গেছে।

## ইতালিতে বিয়ের পর্ব সারলেন অ্যামি জ্যাকসন-ওয়েস্টউইক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অবশেষে বিয়ের পর্ব সেরে ফেললেন অভিনেত্রী অ্যামি জ্যাকসন। জন্মসূত্রে ব্রিটিশ, তবে বলিউড ও দক্ষিণী ছবির পরিচিত মুখ অ্যামি। বারবার প্রেম ভাঙলেও অভিনেতা এড ওয়েস্টউইকের অ্যামির প্রেমের গল্প পূর্ণতা পেল। ইতালিতে কাছের মানুষদের উপস্থিতিতে বিয়ের পর্ব সেরে ফেললেন দু'জনে। বৃহস্পতিবার প্রাইভেট জেটে এড, ছেলে ও পরিবারের সঙ্গে একগুচ্ছ ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভক্ত-অনুরাগীদের মাঝে শেয়ার করে অ্যামি লিখেছিলেন, 'চলো ইতালিতে বিয়েটা সেরে ফেলি প্রিয়'।

ইতালির আমালফি কোস্টে ক্যাথলিক রীতি মেনে বিয়েটা সারলেন দু'জনে। সেই বিয়ের ছবি ইতোমধ্যে সামনে এসেছে। বিয়েতে সাদা গাউনে সাজলেন অ্যামি। হালকা মেকআপ আর ডায়মন্ডের কানের ছাড়া সেভাবে কোনও গয়নায় নিজেকে সাজাননি অভিনেত্রী। মাথায় ছিল সাদা রঙের ব্যান্ড।

অ্যামির বিয়ের অংশ হন তার ৫ বছরের ছেলে আন্দ্রেয়াসও। অ্যামি ও তার প্রাক্তন প্রেমিক জর্জ পানায়িওটোর পুত্র আন্দ্রেয়াস। ২০১৯ সালে বিয়ে না করেই মা হয়েছিলেন অ্যামি, ২০২১ সালে সম্পর্কে ইতি টানেন দু'জনে। ইতালি অ্যামির 'ড্রিম ল্যান্ড'। বউয়ের ইচ্ছে মেনেই সেখানেই বিয়েটা সারলেন এড।

২০২২ সাল থেকে অ্যামির সঙ্গে সম্পর্কের শুরু এড ওয়েস্টউইকের। চলতি বছরের জানুয়ারিতে সুইজারল্যান্ডে রূপকথার বাগদান পর্ব সেরেছিলেন তারা। বছর ঘোরার আগেই বিয়েটা সারলেন।

## সৌদি প্রো লিগ:

# হতাশার ড্রয়ে মৌসুম শুরু আল নাসরের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সৌদি প্রো লিগে নতুন মৌসুমের শুরুটা ভালো হলো না আল নাসরের। আল রাইদের সঙ্গে ১-১ গোলে ড্র করে তারা। অবশ্য ক্রিশ্চিয়ানো রোনালদোর পা থেকে জয়সূচক গোলটি এসেছিল বটে। কিন্তু বাধা হয়ে দাঁড়ায় ভিএআর।

আল আওয়াল স্টেডিয়ামে ৩৪ মিনিটে আল নাসরকে এগিয়ে দেন রোনালদো। বাঁ পাশ থেকে সাদিও মানের ক্রসে দারুণ হেডে বল জালে জড়ান তিনি। সৌদি প্রো লিগে সবমিলিয়ে ৪৮ ম্যাচে এটি তার ৫০তম গোল। প্রিমিয়ার লিগ, লা লিগা আর সিরি আ'র পর চতুর্থ লিগে ন্যূনতম ৫০ গোল করার কীর্তি গড়লেন এই পর্তুগিজ ফরোয়ার্ড।

গত মৌসুমে টেবিলের ১২'তে থেকে শেষ করা আল রাইদ দ্বিতীয়ার্ধের শুরুতেই ঘুরে দাঁড়ায়। পেনাল্টির সুযোগ পেয়ে সেখান থেকে গোল মোহাম্মদ ফউজাইর। ৭৫ মিনিটে আল নাসরকে ফের এগিয়ে দেন রোনালদো। কিন্তু এবার ভিএআরের কারণে জানা যায় অফসাইডে ছিলেন তিনি। যোগ করা সময়ে পেনাল্টি না পাওয়ায় আরও ক্ষুব্ধ হন রোনালদোরা। শেষ পর্যন্ত ড্রয়ের হতাশা নিয়েই মাঠ ছাড়তে হয় তাদের।

আল নাসরের হয়ে এখনো পর্যন্ত কোনো ট্রফির দেখা পাননি রোনালদো। গত শনিবার সৌদি সুপার কাপের ফাইনালে আল হিলালের কাছে হেরেছে তার দল। এরপর লিগও শুরু করতে পারেনি ভালোভাবে।

# ধোনিকে একাদশে না রাখা বড় ভুল হয়েছে; কেন বলছেন কার্তিক?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কিছুদিন আগে তিন সংস্করণ মিলে ভারতের সেরা একাদশ বাছাই করেছিলেন দিনেশ কার্তিক। সেই একাদশে জায়গা হয়নি ভারতকে বিশ্বকাপ জেতানো দুই অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি ও কপিল দেবের। সামাজিক মাধ্যমে তাই সমালোচনার ঝড় উঠে। এই সমালোচনার মধ্যে নিজের ভুল বুঝতে পেরেছেন ভারতের সাবেক উইকেটরক্ষক ব্যাটার। তবে সমালোচনার জন্য নয়, নিজের একাদশে উইকেটরক্ষক রাখেননি বলেই জনিয়েছেন তার বড় ভুল হয়েছে।

ক্রিকবাজের এক ভিডিওতে কার্তিক বলেছেন, 'ভাইয়েরা, বড় রকমের এক ভুল হয়েছে। সত্যিকার অর্থেই ভুল হয়েছে। এপিসোড প্রকাশের পরেই বিষয়টা বুঝতে পেরেছি। উইকেটরক্ষক ছাড়াই একাদশ করেছি। প্রত্যেকে হয়তো ধারণা করেছেন উইকেটরক্ষক হিসেবে রাহুল দ্রাবিড়কে বেছে নিয়েছি। সত্যি বলতে দ্রাবিড়কে উইকেটরক্ষক হিসেবে বিবেচনা করিনি। আপনারা বিশ্বাস করতে পারেন, উইকেটরক্ষক হয়েও একজন উইকেটরক্ষককে নিতে ভুলে গেছি? এটা বড় একটা ভুল'

একাদশে তাই ধোনিকে যুক্ত করেছেন কার্তিক। কার পরিবর্তে ভারতের সাবেক অধিনায়ককে নিয়েছেন তা নির্দিষ্ট করে না বললেও পজিশন অনুযায়ি রবীন্দ্র জাদেজার জায়গাতেই হবে। ধোনিকে ৭ নম্বরে নিয়েছেন তিনি। সঙ্গে এটাও জানিয়েছেন যে ভারতের যেকোনো দলের অধিনায়কও হবেন ধোনি।

ধোনির বিষয়ে ১৮০ আন্তর্জাতিক ম্যাচ খেলা কার্তিক বলেছেন, 'বিষয়টা পরিষ্কার করি। থালা ধোনি শুধু ভারতের নয়, যেকোনো সংস্করণে জায়গা পাবে। আমি মনে করি খেলাটার অন্যতম সেরা একজন ক্রিকেটার। আবার সুযোগ থাকলে একটা পরিবর্তন আনতাম, ৭ নম্বরে থালা ধোনি। আর সে ভারতের যেকোনো সংস্করণে অধিনায়ক হিসেবে থাকবে।'

এর আগে ক্রিকবাজের এক ভিডিও অনুষ্ঠানে ভারতের সেরা একাদশে যাদের রেখেছিলেন কার্তিক তারা হচ্ছেন - বীরেন্দর শেবাগ, রোহিত শর্মা, রাহুল দ্রাবিড়, শচীন টেন্ডুলকার, বিরাট কোহলি, যুবরাজ সিং, রবীন্দ্র জাদেজা, রবিচন্দ্রন অশ্বিন, অনিল কুম্বলে, যশপ্রীত বুমরা ও জহির খান। দ্বাদশ ব্যক্তি হিসেবে হরভজন সিং।

# 'ছোট মেসিকে' নিয়ে বিশ্বকাপ বাছাইয়ের দল ঘোষণা ব্রাজিলের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী মাসে বিশ্বকাপ বাছাইয়ে ইকুয়েডর ও প্যারাগুয়ের বিপক্ষে ম্যাচের জন্য ২৩ সদস্যের দল ঘোষণা করেছে ব্রাজিল। জুনিয়র দরিভালের এই দলে সবচেয়ে বড় চমক এস্তেভো উইলিয়ান। ১৭ বছর বয়সী এই ফুটবলার প্রথমবারের মতো ডাক পেয়েছেন জাতীয় দলে। ব্রাজিলের জার্সিতে অভিষেকের অপেক্ষায় থাকা এই ফুটবলারকে কেউ কেউ নেইমারের সঙ্গেও তুলনা করছেন। অনেকে আবার তার স্কিলের জন্য 'মেসিনিয়ো' বা ছোট মেসি নামে ডাকেন।

গত বছরের ডিসেম্বরে ব্রাজিলিয়ান ক্লাব পালমেইরাসের মূল দলে অভিষেক হয় এস্তেভোর। এখন পর্যন্ত দলটির হয়ে ২১ ম্যাচে তার গোল ৫টি। পরিসংখ্যান আহামরি না হলেও নিজের প্রতিভা ও সামর্থ্য দিয়ে ইতোমধ্যেই নজর কেড়েছেন তিনি।

বার্সেলোনা, বায়ার্ন মিউনিখ, পিএসজি, ম্যানচেস্টার সিটির মতো ক্লাবের সঙ্গে লড়াইয়ে জিতে গত জুনে এস্তেভোর সঙ্গে চুক্তি করেছে চেলসি। আগামী বছরের জুলাইয়ে ইংলিশ প্রিমিয়ার লিগের দলটির হয়ে খেলবেন তিনি।

এস্তেভোর মতোই প্রথমবার জাতীয় দলে ডাক পেয়েছেন ২৩ বছর বয়সী লুইস এইহিক। বাদ পড়েছেন বার্সেলোনা ফরোয়ার্ড রাফিনিয়া। আর্সেনাল ফরোয়ার্ড গাব্রিয়েল মার্টিনেল্লি জায়গা পাননি দলে।

আগামী ৬ সেপ্টেম্বর ঘরের মাঠে একুয়েডরের মুখোমুখি হবে তারা। চার দিন পর খেলবে প্যারাগুয়ের মাঠে।

## ক্রিকেটকে বিদায় জানালেন

# শিখর ধাওয়ান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আন্তর্জাতিক এবং ঘরোয়া, দুই ধরনের ক্রিকেটকে বিদায় জানালেন শিখর ধাওয়ান। সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করে এই কথা জানিয়েছেন ভারতীয় ওপেনার।

অবসরের সিদ্ধান্ত ঘোষণা করে ধাওয়ান লিখেছেন, আমার ক্রিকেট-যাত্রা শেষ হল। সঙ্গে থেকে গেল অসংখ্য স্মৃতি এবং কৃতজ্ঞতা। যে ভালবাসা এবং সমর্থন পেয়েছি, তার জন্য ধন্যবাদ। ৩৮ বছরের ধাওয়ান দেশের হয়ে শেষ খেলেছেন ২০২২ সালের ডিসেম্বরে। বাংলাদেশের বিরুদ্ধে সেই এক দিনের সিরিজের পরেই ভারতীয় দলে তিনি জায়গা হারান। তার জায়গায় আসেন শুভমন গিল।

ভিডিওবার্তায় ধাওয়ান বলেন, আমার একটাই লক্ষ্য ছিল, দেশের হয়ে খেলা। সেই লক্ষ্য পূরণ হয়েছে। সবাইকে ধন্যবাদ। প্রথমত আমার পরিবার, আমার ছোটবেলার কোচ তারক সিনহা এবং মদন শর্মা। তাদের প্রশিক্ষণেই আমি ক্রিকেট শিখেছি। তার পর ধন্যবাদ দেব আমার গোটা দলকে, যাদের সঙ্গে আমি খেলেছি, আর একটা পরিবার পেয়েছি। সবার ভালবাসা আর সমর্থন পেয়েছি। গল্পের বই পড়তে পড়তে যে রকম পাতা ওল্টাতে হয়, আমিও সেটাই করছি। আন্তর্জাতিক এবং ঘরোয়া ক্রিকেট থেকে অবসর নিচ্ছি।

ধাওয়ান ধন্যবাদ জানিয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ড এবং দিল্লি ক্রিকেট সংস্থাকে। ধন্যবাদ জানিয়েছেন সমর্থকদেরও। তিনি বলেন, দেশের হয়ে খেলতে পেরে আমি ধন্য। বিসিসিআই, ডিডিসিএ আমাকে সেই সুযোগ করে দিয়েছিল। সেই সঙ্গে পেয়েছি সমর্থকদের ভালবাসা। নিজেকে বলতে চাই, দেশের হয়ে খেলতে পারবে না বলে দুঃখ পাওয়ার দরকার নেই, বরং এটা ভেবে আনন্দ পাওয়া উচিত যে আমি দেশের হয়ে খেলতে পেরেছি।

বাঁহাতি ওপেনার দেশের হয়ে ৩৪টি টেস্ট, ১৬৭টি এক দিনের ম্যাচ এবং ৬৮টি টি-টোয়েন্টি খেলেছেন। টেস্টে সাতটি শতরান আছে তার। করেছেন ২৩১৫ রান। এক দিনের ক্রিকেটে ৬৭৯৩ রান করা ধাওয়ান করেছেন ১৭টি শতরান। রোহিত শর্মার সঙ্গে তার জুটি ভারতকে বহু ম্যাচ জিতিয়েছে। বিশেষ করে আইসিসি প্রতিযোগিতায় রোহিত এবং ধাওয়ানের সাফল্য ছিল নজর কাড়া। দেশের জার্সিতে টি-টোয়েন্টিতে ১৭৫৯ রান করেছেন ধাওয়ান। বেশ কিছু এক দিনের ম্যাচে ভারতকে নেতৃত্বও দিয়েছেন তিনি। আইপিএলে দিল্লি ডেয়ারডেভিলস (২০০৮), মুম্বই ইন্ডিয়ান্স (২০০৯-২০১০), ডেকান চার্জার্স (২০১১-২০১২), সানরাইজার্স হায়দরাবাদ (২০১৩-২০১৮), দিল্লি ক্যাপিটালস (২০১৯-২০২১) এবং পঞ্জাব কিংসের (২০২২-২০২৪) হয়ে খেলেছেন ধাওয়ান।

# ভারত সিরিজের সূচি প্রকাশ ইংল্যান্ডের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ঘরের মাঠে অনুষ্ঠেয় বিভিন্ন সিরিজের সূচি প্রকাশ করেছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। গ্রীষ্ম মৌসুমের মাঝামাঝিতে ভারতীয় পুরুষ ও নারী দলের বিপক্ষে খেলবে ইংলিশরা। তবে জিম্বাবুয়ের বিপক্ষে একমাত্র টেস্ট দিয়েই মৌসুম শুরু করবেন বেন স্টোকসরা।

আগামী বছরের ২২ থেকে ২৫ মে পর্যন্ত নটিংহ্যামে চারদিনের ম্যাচটি অনুষ্ঠিত হবে। রোডেশিয়ানদের পর ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সমান তিনটি করে ওয়ানডে এবং টি-টোয়েন্টি খেলবে ইংল্যান্ড।

এরপর ভারতের সঙ্গে পাঁচ ম্যাচ টেস্ট সিরিজ খেলবে ব্রেন্ডন ম্যাককালামের শিষ্যরা। হেডিংলিতে ২০ জুন সিরিজের প্রথম টেস্ট গড়াবে। ২ জুলাই থেকে বার্মিংহামে দ্বিতীয় টেস্ট ও লর্ডসে ১০ জুলাই থেকে তৃতীয় টেস্ট খেলবেন কোহলি-স্টোকসরা। অন্যদিকে ম্যানচেস্টার এবং দ্য ওভালে সিরিজের বাকি দুই টেস্ট হবে। ২৩ জুলাই থেকে চতুর্থ ও ৩১ জুলাই থেকে ৪ আগষ্ট পঞ্চম ও শেষ টেস্ট হবে।

একই সময়ে স্মৃতি মান্ধানা-হারমানপ্রীত কৌররাও ইংল্যান্ড সফর করবেন । এই সফরে পাঁচটি টি-টোয়েন্টি এবং তিনটি ওয়ানডে খেলবে তারা। ২৮ জুন থেকে অনুষ্ঠেয় এই সফর ২২ জুলাই শেষ হবে।

ভারত ছাড়াও সাউথ আফ্রিকার সঙ্গে খেলবে ইংলিশরা। প্রোটিয়াদের সঙ্গে সমান তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলবে স্বাগতিকরা। ২ সেপ্টেম্বর লিডসে প্রথম ওয়ানডে এবং লর্ডস ও সাউদাম্পটনে ৪ ও ৭ সেপ্টেম্বর বাকি ম্যাচ দুটি হবে। এরপর ১০, ১২ এবং ১৪ সেপ্টেম্বর কার্ডিফ, ম্যানচেস্টার এবং নটিংহ্যামে টি-টোয়েন্টি ম্যাচ হবে।

# বেলজিয়ামের বর্তমান কোচের অধীনে খেলবেন না কোর্তোয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বেলজিয়ামের হয়ে সবশেষ ২০২৩ সালের জুনে অস্ট্রিয়ার বিপক্ষে খেলেছেন থিবো কোর্তোয়া। এরপর আর জাতীয় দলের গোলবার সামলাতে দেখা যায়নি তাকে। এরই মধ্যে কোর্তোয়া দিলেন কঠিন এক বার্তা। বর্তমান কোচ ডোমেনিকো তাদেস্কোর অধীনে খেলতে চান না বলে জানিয়েছেন তিনি। সামাজিম মাধ্যমে এক পোস্ট শেয়ার করে বিষয়টা নিশ্চিত করেছেন রিয়াল মাদ্রিদের গোলরক্ষক। তিনি লিখেছেন, 'দুর্ভাগ্যজনকভাবে, কোচের সঙ্গে ঝামেলা এবং সে সবের প্রতিক্রিয়া আমি সিদ্ধান্ত নিয়েছি তার অধীনে আর জাতীয় দলের হয়ে খেলব না। বিষয়টির ব্যাপারে নিজে থেকে দায়দায়িত্ব নিচ্ছি। যাইহোক, তার ওপর আমার আস্থার অভাব থাকলেও আন্তরিকতা পথে কোনো অসুবিধা তৈরি করবে না।'

গত বছর তাদেস্কোর সঙ্গে তর্কে ঝড়ানোর কারণে এ বছর বেলজিয়ামের ইউরোর দল থেকে বাদ পড়েন কোর্তোয়া। বিষয়টা নিয়ে ফেডারেশনের সঙ্গে আলোচনা করেছেন বলে জানিয়েছেন তিনি। জাতীয় দলের হয়ে ১০২ ম্যাচ খেলা গোলরক্ষক বলেছেন, 'আমার সিদ্ধান্ত নিয়ে ফেডারেশনের সঙ্গে বেশ কয়েকবার আলোচনা করেছি এবং তারা আমার বিষয়টি মেনে নিয়েছে। কিছু ভক্তকে হতাশ করার জন্য আমি অনুতপ্ত। তবে বেলজিয়ামকে নিয়ে এটাই সঠিক সিদ্ধান্ত বলে মনে করি। বিতর্কের অবসানের সঙ্গে দল এখন লক্ষ্যে মনোযোগ দিতে পারবে।'

## ১৫ বছর পর

# টেস্টে ফিরছে 'রেস্ট ডে'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্রের অংশ হিসেবে নিউজিল্যান্ডের বিপক্ষে দুই টেস্ট সিরিজের সূচি ঘোষণা করেছে শ্রীলঙ্কা ক্রিকেট। গলে সিরিজের প্রথম টেস্ট শুরু হবে ১৮ সেপ্টেম্বর। শুধু এই ম্যাচটিই হবে ছয় দিন পর্যন্ত। ম্যাচের চতুর্থ দিন রাখা হয়েছে রেস্ট ডে। কেননা সেদিন ২১ সেপ্টেম্বর রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে শ্রীলঙ্কায়।

টেস্ট ক্রিকেটে সবশেষ রেস্ট ডে দেখা গেছে ১৫ বছর আগে। ২০০৮ সালের ডিসেম্বরে সেই ম্যাচটি অনুষ্ঠিত হয়েছিল ঢাকাতেই। নবম জাতীয় সংসদ নির্বাচনের জন্য বাংলাদেশ-শ্রীলঙ্কা ম্যাচে ২৯ ডিসেম্বর রেস্ট ডে রাখা হয়েছিল।

এদিকে, নিউজিল্যান্ডের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টেস্টটিও গলে খেলবে শ্রীলঙ্কা। যা শুরু হবে ২৬ সেপ্টেম্বর।

উল্লেখ্য, গত শতাব্দীতে ছয় দিনের টেস্ট ম্যাচ দেখা গেছে নিয়মিতই। এর মধ্যে একটি দিন বিশ্রামের (রেস্ট ডে) জন্য রাখা হতো। যদিও এখন বেশ লম্বা সময় পর পর রেস্ট ডে দেখা যায় ক্রিকেটের কুলীন সংস্করণে। তবে এবারের অপেক্ষাটা বেশ দীর্ঘই বলা যায়। ১৫ বছর পর দেখা মিলছে ছয় দিনের টেস্ট ম্যাচের।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR